



## 3457 - নারীদের তারাবী নামায পড়ার বধিান

### প্রশ্ন

নারীদের উপরে কি তারাবীর নামায আছে? তাদের জন্যে তারাবীর নামায বাসায় পড়া উত্তম? নাকি মসজিদে গিয়ে পড়া?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

তারাবীর নামায সুন্নতে মুয়াক্কাদা। নারীদের জন্যে কয়ামুল লাইল (রাতের নামায) ঘরে পড়া উত্তম। যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: “নারীদেরকে মসজিদে যতে বাধা দিও না। তবে, তাদের জন্যে ঘরই উত্তম।”[হাদসিটি আবু দাউদ তাঁর ‘সুনান’ গ্রন্থে, ‘নারীদের মসজিদে যাওয়া’ শীর্ষক পরচ্ছদে ও ‘এ বিষয়ে কড়াকড়ি আরোপ’ শীর্ষক পরচ্ছদে সংকলন করছেন। হাদসিটি ‘সহিহুল জামে’ গ্রন্থে (৭৪৫৮) সংকলিত হয়েছে]

নারীর নামাযের স্থান যতবশী নরিজন হব, যতবশে বিক্গিত হব সেটাই উত্তম। যহেতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন, “মহলিাদের জন্যে শোয়ার ঘরে নামায আদায় করা বঠৈকখানায় নামায আদায় করার চেয়ে উত্তম। তাদের জন্যে গোপন প্রকোষ্ঠে নামায করা শোয়ার ঘরে নামায আদায় করার চেয়ে উত্তম।”[আবু দাউদ তাঁর ‘সুনান’ নামক গ্রন্থে, ‘কতিবুস সালাত’ অধ্যায়ে ‘মহলিাদের মসজিদে যাওয়া’ শীর্ষক পরচ্ছদে হাদসিটি সংকলন করছেন। হাদসিটি ‘সহিহুল জামে’ গ্রন্থে (৩৮৩৩) রয়েছে]

আবু হুমাইদ আল-সায়দে এর স্ত্রী উম্মে হুমাইদ থেকে বর্ণিত তিনি একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বললেন: ইয়া রাসূলুল্লাহ! আমি আপনার সাথে নামায আদায় করতে পছন্দ করি। তখন তিনি বললেন: আমি জেনেছি আপনি আমার সাথে নামায পড়া পছন্দ করেন। কিন্তু, আপনি আপনার শোয়ার ঘরে নামায আদায় করা বঠৈক ঘরে নামায আদায় করার চেয়ে উত্তম। আপনি আপনার বঠৈক ঘরে নামায আদায় করা বাড়ীর উঠনে নামায আদায় করার চেয়ে উত্তম। আপনি আপনার বাড়ীর উঠনে নামায আদায় করা গোত্রীয় মসজিদে নামায আদায় করার চেয়ে উত্তম। আপনি আপনার গোত্রীয় মসজিদে নামায আদায় করা আমার মসজিদে নামায আদায় করার চেয়ে উত্তম। বর্ণনাকারী বলনে: ফলে তিনি তার ঘরে একবোরে ভতির অন্ধকার স্থানে তার জন্যে নামাযের জায়গা বানানোর নরিদশে দলিনে। তিনি মৃত্যু পর্যন্ত সে জায়গায় নামায আদায় করছেন।”[মুসনাদে আহমাদ, হাদসিটির বর্ণনাকারীগণ নরিভরযোগ্য]

তবে উল্লেখিত ফযলিত নারীদেরকে মসজিদে যাওয়ার অনুমতি দায়ের ক্ষেত্রে প্রতবিন্দক নয়। যমেনটি আব্দুল্লাহ বনি উমর



(রাঃ) কর্তৃক হাদিসে এসেছে, তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনছি তিনি বলেন: যদি নারীরা তোমাদের কাছে মসজিদে যতে অনুমতি চায় তাহলে তোমরা তাদেরকে মসজিদে যতে বাধা দিও না। বরণকারী বলেন, তখন বলিল বনি আব্দুল্লাহ (বনি উমর) বলল: আল্লাহর শপথ, অবশ্যই আমরা তাদেরকে বাধা দিবি। বরণকারী বলেন: তখন আব্দুল্লাহ তার দিকে এগিয়ে এসে তাকে তীব্র গালমন্দ করলেন; আমি তাঁর কাছ থেকে এমন কথা আর কখনও শুনিনি। এবং তিনি বলেন: আমি তোমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হাদিস জানাচ্ছি। আর তুমি বল: আল্লাহর শপথ, অবশ্যই আমরা তাদেরকে বাধা দিবি।” [সহি মুসলিম (৬৬৭)]

কিন্তু, কোন নারী মসজিদে যাওয়ার ক্ষেত্রে নিম্নোক্ত শর্ত রয়েছে:

১। পরিপূর্ণ হজিব থাকতে হবে।

২। সুগন্ধি লাগিয়ে যাবে না।

৩। স্বামীর অনুমতি লাগবে।

এবং এ বরে হওয়ার ক্ষেত্রে অন্য আরকেটি হারাম যেনে সংঘটিত না হয়; যমেন একাকী ড্রাইভারের সাথে বরে হওয়া।

যদি কোন নারী উল্লেখিত শর্তগুলোর কোনটি ভঙ করে সেক্ষেত্রে নারীর স্বামী কিংবা অভিভাবক তাকে মসজিদে যতে বাধা দিতে পারবেন; বরং বাধা দেওয়া আবশ্যিক হবে।

আমাদের শাইখ আব্দুল আযযিকৈ জনকৈ নারী তারাবীর নামায সম্পর্কে জিজ্ঞেসে করনে য়ে, নারীর জন্য কি তারাবীর নামায মসজিদে গিয়ে পড়া উত্তম? তিনি না-সূচক জবাব দনে। কারণ মহলিদরে ঘরে নামায পড়া সংক্রান্ত হাদিসগুলো সাধারণ; যা তারাবী নামাযসহ অন্য সকল নামাযকে শামলি করবে। আল্লাহই ভাল জাননে।

আমরা আল্লাহর কাছে আমাদের জন্য ও সকল মুসলিম ভাইদের জন্য ইখলাস ও কবুলয়িতরে প্রার্থনা করছি। তিনি যেনে, আমাদের আমলগুলো তাঁর পছন্দ ও সন্তুষ্টিমিতাবে সম্পন্ন করান। আমাদের নবী মুহাম্মদের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষতি হোক।